আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে হটাৎ দৃষ্টি সম্পর্কে জিজ্ঞেস করেছি, তিনি আমাকে আমার দৃষ্টি ফিরিয়ে আনতে নির্দেশ দিলেন।

জারীর ইবন আব্দুল্লাহ রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে হটাৎ দৃষ্টি সম্পর্কে জিজ্ঞেস করেছি, তিনি
আমাকে আমার দৃষ্টি ফিরিয়ে আনতে নির্দেশ দিলেন।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

জারীর ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কোন উদ্দেশ্য ছাড়াই অপরিচিত নারীর প্রতি একজন পুরুষের দৃষ্টি সম্পর্কে জিজ্ঞেস করলেন? তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দিলেন যে, তার জানার সাথে সাথে তার মুখ অন্যদিকে এবং অন্য পাশে ঘুরিয়ে নিবে এবং তার কোন পাপ হবে না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8902